যুগান্তর

তারিখ 22 APR 2009
পৃষ্ঠা ... কলাম ...

এইচএসসি বাংলা ১ম পত্র পরীক্ষা

# বাঞ্ছারামপুরে তিনবার তিন রকমের প্রশ্ন সরবরাহ অনিয়মিতরা বিপাকে

ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুরে এইচএসসি বাংলা ১ম পত্র পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থীদের নতুন প্রশ্নপত্রে পরীক্ষা দিতে বাধ্য করা হয়েছে। এমনকি ৩ বার ৩ রকমের প্রশ্নপত্র দিয়ে পরীক্ষার্থীদের ১ ঘণ্টা সময় নষ্ট করার অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, বাঞ্ছারামপুর ডিগ্রি কলেজের ১২ জন অনিয়মিত ছাত্র আলিয়া মাদ্রাসা কেন্দ্রে পুরনো প্রশ্নে অংশ নিচ্ছে। কিন্তু মঙ্গলবার বাংলা ১ম পত্রের নতুন

সরবরাহ : পৃষ্ঠা ১৩ : কলাম ৮

## সরবরাহ : প্রশ্ন

(শেষ পৃষ্ঠার পর)

প্রশ্নপত্র সরবরাহ করে। ১৫ মিনিট পর এসব প্রশ্ন ফেরত নিয়ে আবার পুরনো প্রশ্ন দেয়া হয়। কিছুক্ষণ পর আবার এ প্রশ্ন ফেরত নিয়ে নতুন প্রশ্ন দেয়। পরীক্ষার্থী সুজন ও আঁখি জানায়, এতে তাদের ১ ঘণ্টা সময় নষ্ট হলেও কর্তৃপক্ষ অতিরিক্ত কোন সময় দেয়নি। তাছাড়া নতুন প্রশ্ন হওয়ায় ফলাফল নিয়ে তারা আতংকিত। হল পরিদর্শনে এসে বাঞ্ছারামপুর ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মফিজুল ইসলাম ছাত্রছাত্রীদের বলেন, তোমরা যা পরীক্ষা দিয়েছ তাতেই চলবে। এ ব্যাপারে হল সুপার নুরুল হক বলেন, প্রশ্নপত্র ট্রেজারি থেকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ মফিজুল ইসলাম আনেন। তিনি যেভাবে নির্দেশ দেন সেভাবেই তারা কাজ করেছেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ মফিজুল ইসলাম বলেন, আলাদা আলাদা সিলেবাসে প্রশ্ন হয়। সেভাবেই ব্যবস্থা নেয়া হয়েছে। পরীক্ষা শেষে পরীক্ষার্থীরা বাঞ্ছারামপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা তৈয়বুর রহমানের সঙ্গে দেখা করে এ বিষয়ে সহযোগিতার অনুরোধ জানান।